



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০২৬.১৯.২৩৫

তারিখ: ৫ শ্রাবণ ১৪২৭

২০ জুলাই ২০২০

বিষয়: বিধি বহির্ভূতভাবে প্রভাষক (বাংলা) পদে নিয়োগ ও এমপিও বন্ধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আবেদন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কুমিল্লা জেলার ব্রাহ্মণপাড়া উপজেলাধীন গোপালনগর আর্দশ কলেজের বাংলা বিষয়ের প্রভাষক জনাব মোসা: মমতাজ বেগম এনটিআরসি কর্তৃক গত ২৪/০১/২০১৯ তারিখে সুপারিশ প্রাপ্ত হন। বর্ণিত প্রতিষ্ঠানের অধ্যক্ষ এবং গভর্নিং বডি'র সভাপতি তাকে যোগদান করান নি। পরবর্তিতে তিনি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা এর চেয়ারম্যান বরাবর সংশ্লিষ্ট কলেজে যোগদানের বিষয়ে গত- ১২/০২/২০২০ তারিখে আবেদন করেন। উক্ত আবেদন নিষ্পত্তি না হওয়ায় মোসা: মমতাজ বেগম মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ৯৩৩/২০২০ দায়ের করেন। বর্ণিত বিষয়ে আইন শাখা মতামত প্রদান করেন। আইন শাখার মতামত: “উক্ত রিট পিটিশনে মহামান্য আদালত বিবাদী গণের প্রতি বুল নিশি জারীসহ অন্তর্বর্তিকালীন আদেশ প্রদান করেন। উক্ত অন্তর্বর্তিকালীন আদেশে মহামান্য আদালত ০৮ নং বিবাদী অর্থাৎ চেয়ারম্যান, কুমিল্লা শিক্ষা বোর্ডকে পিটিশনারের ১২/০২/২০২০ তারিখের আবেদনটি ২ (দুই) মাসের মধ্যে বিধি মোতাবেক নিষ্পত্তি করার নির্দেশ দেন।” মহামান্য হাইকোর্ট বিভাগের অন্তর্বর্তিকালীন আদেশ অনুসারে চেয়ারম্যান, কুমিল্লা শিক্ষা বোর্ড পিটিশনারের আবেদনটি বিধি মোতাবেক নিষ্পত্তি করতে হবে। এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য চেয়ারম্যান, কুমিল্লা বোর্ড, কুমিল্লা-কে পত্র প্রেরণ করা যেতে পার”।

এমতাবস্থায়, আইন শাখার মতামতের প্রেক্ষিতে চেয়ারম্যান, কুমিল্লা বোর্ড, কুমিল্লা-কে রিট পিটিশন নং-৯৩৩/২০২০-এর বিষয়ে বিধি মোতাবেক নিষ্পত্তি করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হইল।

২০-৭-২০২০

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা